

## হাজি সেলিমকে 'টোকাই' ও 'মুর্থ' বলল ছাত্রলীগ

নিজস্ব প্রতিবেদক ●

ছাত্রলীগকে জামায়াত-শিবিরের সঙ্গে তুলনা করার স্বতন্ত্র সংসদ ও আওয়ামী লীগের ঢাকা মহানগরের যুগ্ম সাধারণ সম্পাদক হাজি মোহাম্মদ সেলিমকে অশ্লীলভাবে 'টোকাই', 'মুর্থ' ও 'মুনি' এরশাদ শিকদারের বন্ধু বলে আখ্যায়িত করেছে ছাত্রলীগ।

গতকাল মঙ্গলবার গণমাধ্যমে আওয়ামী লীগের জাতীয় সংগঠন ছাত্রলীগের পাঠানো প্রতিবাদপত্রে এ মন্তব্য করেন সংগঠনটির সভাপতি এইচ এম বদিউজ্জামান ও সাধারণ সম্পাদক সিক্কী নাজমুল আলম।

ছাত্রলীগের এমন মন্তব্যের বিষয়ে জানতে চাইলে হাজি সেলিম মুঠোফোনে প্রথম আলমকে বলেন, 'সত্য কথা বললে যদি ছাত্রলীগ এমন মন্তব্য করে, তাহলে আমরা যারা স্বতন্ত্র সংসদ আছি, তারা আর সংসদে কথা বলব না। সংসদকে প্রাণকণ্ড করব না।' গত সোমবার জাতীয় সংসদে হাজি সেলিম রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা প্রসঙ্গে বলেন, 'শিবির রগ কাটে, ছাত্রলীগ কবজি কাটে, মাথা কাটে'।

ছাত্রলীগের লিখিত বক্তব্যে দাবি করা হয়, হাজি সেলিম ব্যক্তিগত জীবনে অশ্লীলভাবে 'টোকাই', 'মুনি'র উদ্দেশ্যে একসময়ের সহযোগী এবং পরবর্তী সময়ে খুলনার কুখ্যাত এরশাদ শিকদারের ঘনিষ্ঠ বন্ধু।